

## // কেন্দ্রীয় পরীক্ষা হলে ম্যাজিস্ট্রেটের বিরুদ্ধে ছাত্রীদের অভিযোগ

■ কেন্দ্রীয় (নেত্রকোণা) সংবাদদাতা

উপজেলার ভরাপাড়া ফাজিল মাদ্রাসায় আলিম পরীক্ষা কেন্দ্রের দায়িত্বরত ম্যাজিস্ট্রেট মাহবুব আলমের বিরুদ্ধে ওই কেন্দ্রের পরীক্ষার্থী ও কক্ষ পরিদর্শকরা অভিযোগ করেছে। গত শনিবার উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর তারা এ অভিযোগ করেন।

অভিযোগ সূত্রে জানা গেছে, গত শনিবার 'বালাগাত মান্তেক' বিষয়ে পরীক্ষা চলাকালে ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালনকৃত কর্মকর্তা মাহবুব আলম ছাত্রীদের কক্ষগুলো পরিদর্শনকালে উল্লাশি করেন। এসময় তিনি মেয়ে পরীক্ষার্থীদের বার বার দাঁড় করিয়ে মুখের স্কার্প, বোরকা ও ওড়না খুলতে বলেন। এতে মেয়েদের পরীক্ষায় বিঘ্ন ঘটে এবং তারা দায়িত্বপালনকৃত ম্যাজিস্ট্রেটের এমন অসদাচরণে বিরত বোধ করেন। পরে পরীক্ষা শেষে শিক্ষার্থী ও কক্ষ পরিদর্শকরা এ ঘটনায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেন।

ম্যাজিস্ট্রেটের দায়িত্বরত কর্মকর্তা মাহবুব আলম অভিযোগ অস্বীকার করে বলেন, 'নকলের দায়ে পাঁচজনকে বহিষ্কার করায় ওই কেন্দ্রের কক্ষ পরিদর্শকরা শিক্ষার্থীদেরকে দিয়ে আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করিয়েছেন।' এ ব্যাপারে কেন্দ্রীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মুতাসিমুল ইসলাম জানান, এ বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে।